

Subject - 2nd language Bengali

Answers Keys

Class -VII

গদ্য:- 'জীবনস্মৃতি' - ঐশ্বরচন্দ্র বিদ্যাসাগর

১) অর্থ:-

যথোচিত - যথোপযুক্ত

অবধারিত - সাব্যস্ত

সচরাচর - সাধারণত

সমাদরে - আদর বা যজ্ঞের সঙ্গে।

২) বাক্য রচনা:-

সচরাচর - এখন দূষণের জন্য **সচরাচর** চড়ুই পাখি দেখা যায় না।

প্রত্যক্ষ - আমি আমার ঠাকুরদাদাকে স্বচক্ষে **প্রত্যক্ষ** করিনি।

স্বচ্ছন্দে - আমি **স্বচ্ছন্দে** আমার জামাকাপড় গরিবদের দান করি।

উপার্জন - আমার বাবা আমাদের পরিবারের জন্য **উপার্জন** করেন।

৩) সন্ধি বিচ্ছেদ:-

যথোচিত - যথা + উচিত

সমাদরে - সম + আদরে

মাতুলালয় - মাতুল + আলায়

প্রত্যক্ষ - প্রতি + অক্ষ

৪।ক) গঙ্গাদেবী বিদ্যাসাগরের **মাতামহী**।

খ) বিদ্যাবাগীশ মহাশয়ের জামাতা হলেন **রামকান্ত**।

৫।ক) জামাতা এ জীবনে **প্রকৃতিস্থ** হতে পারবেন না

খ) চারি সহোদর **সারাজীবন** একান্নবর্তী ছিলেন।

৬।ক) গঙ্গাদেবীর কন্যার নাম ভগবতী দেবী।

খ) গঙ্গাদেবীর স্বামী উন্মাদগ্রস্ত হয়েছিল।

গ) বিদ্যাবাগীশের জ্যেষ্ঠপুত্রের নাম রাধামোহন বিদ্যাভূষণ।

ঘ) ভাইরা উপার্জনের অর্থ বড় দাদার হাতে দিতেন।

৭।ক) গঙ্গাদেবীর স্বামী রামকান্তর উন্মাদগ্রস্ত অবস্থা হয়েছিল তাই গঙ্গাদেবী পিতার আশ্রয়ে এসেছিলেন।

গঙ্গাদেবীর পিতা বিদ্যাবাগীশ মহাশয় তাঁর জামাতা রামাকান্তর ভালো চিকিৎসার বন্দোবস্ত করে দিয়েছিলেন। কিন্তু এতে কোন ফল না হওয়ায় গঙ্গাদেবীকে তাঁর স্বামী ও কন্যাদের নিয়ে পিতার আশ্রয়ে থেকে যেতে হয়েছিল।

খ) গল্পকথক অর্থাৎ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাশয় তিনি নিজের চোখে প্রত্যক্ষ করেছিলেন যে, যে অবস্থার লোক হোক, লোকের সংখ্যা যত হোক, বিদ্যাভূষণ মহাশয়ের বাড়িতে এসে সকলেই পরম আদর বা যত্নের সঙ্গে অতিথিসেবা ও পরিচর্যা পেয়েছিলেন।

বাড়ির কাজ

- (i) বাকি অর্থ, সন্ধিবিচ্ছেদ, বাক্য রচনা, নৈব্যক্তিক প্রশ্নাবলী (১, ২) বাড়িতে খাতায় করবে।
 - (ii) বাকি অতি-সংক্ষিপ্ত প্রশ্নাবলি, সংক্ষিপ্ত প্রশ্নাবলি বাড়িতে খাতায় করবে।
-